



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্ব উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। বিজনেস স্টাডিজ অনুষদ

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|-----------|---|
| কম্পিউটার অপারেটর টঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১ টি | প্রার্থীকে স্নাতকোত্তর পাস এবং Xerox Novera মেশিন ও কম্পিউটার অপারেটিং-এ উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

২। আরবী বিভাগ

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|--|-----------|--|
| উচ্চমান সহকারি টঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১ টি | প্রার্থীকে দ্বিতীয় বিভাগে স্নাতক/সমমান ডিগ্রি থাকতে হবে। শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ থাকা আবশ্যিক এবং আরবী, বাংলা ইংরেজি টাইপিং-এ পারদর্শী হতে হবে। অফিসিয়াল কাজে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

৩। পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|-----------|--|
| অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০৪ টি | প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে স্নাতক পাশসহ কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং কম্পিউটারে বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মুদ্রণের কাজে দক্ষ হতে হবে। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ০৩-০২-২০২০ খ্রীস্টাব্দ/২১-১০-১৪২৬ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র ডিন, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র চেয়ারম্যান, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩-এর আবেদনপত্র পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

ঢাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।